দৈনিক সংবাদ 52

তারিখ ... 25 OCT 1986 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ১ ...

পুরনো মন্ত্রী পরিষদের কেউ বাদ পড়েননি ॥ নবাগত কেউ নেই

# নতুন মন্ত্রী পরিষদের শপথ গ্রহণ

রাষ্ট্রপতি এরশাদ গতকাল শুক্রবার জনাব মিজানুর রহমান চৌধুরীকে প্রধানমন্ত্রী করে ২৬ সদস্যবিশিষ্ট একটি মন্ত্রী পরিষদ নিয়োগ করেছেন।

রাষ্ট্রপতি ৬ জন প্রতিমন্ত্রী এবং ৩ জন উপমন্ত্রীকেও নিয়োগ করেছেন।

বাসস জানায়, বৃহস্পতিবার দেশের তৃতীয় নির্বাচিত রাষ্ট্রপতি হিসেবে রাষ্ট্রপতি এরশাদের শপথ গ্রহণের আগে মন্ত্রীদের সকলে পদত্যাগ করায় নয়া মন্ত্রী পরিষদ গঠন প্রয়োজন হয়ে পড়ে। রাষ্ট্রপতি দেশের সংবিধানের বিধান অনুযায়ী তাঁর নয়া মন্ত্রী পরিষদ নিয়োগের আগে মন্ত্রীদের পদত্যাগপত্র গ্রহণ করেন।

গতকাল সকালে বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে সাদা প্রিন্স স্যুট পরিহিত রাষ্ট্রপতি এরশাদ নয়া মন্ত্রী পরিষদের সদস্যদের শপথ গ্রহণ করান। জনাব হুমায়ুন রশীদ চৌধুরী পুনরায় পররাষ্ট্রমন্ত্রী নিযুক্ত হয়েছেন। জনাব চৌধুরী জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন উপলক্ষে বর্তমানে দেশের বাইরে রয়েছেন। দেশে ফিরে এলে তাকে শপথ গ্রহণ করানো হবে।

শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপপ্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এম, আতিকুর রহমান, রিয়ার এডমিরাল সুলতান আহমদ ও এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ এবং পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ।

নব নিযুক্ত মন্ত্রী পরিষদেও রয়েছেন ৩জন উপপ্রধানমন্ত্রী--মওদুদ আহমদ, অধ্যাপক এম, এ, মতিন ও কাজী জাফর আহমদ।

নয়া মন্ত্রী পরিষদে নতুন কাউকে নেয়া হয়নি বা কেউ বাদ পড়েননি। প্রধানমন্ত্রী ও উপপ্রধানমন্ত্রীসহ সকল মন্ত্রীর দফতর বহাল রয়েছে।

উপদেষ্টা জাকির খানচৌধুরী, এম, সাইদুজ্জামান, এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ, কে, খোন্দকার ও মাহবুবুর রহমান মন্ত্রীর পদমর্যাদা ও সুযোগ সুবিধাসহ তাদের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মন্ত্রী পরিষদের শপথ

(১ম পাতার পর)

দায়িত্ব পালন করে যাবেন বলে রাষ্ট্রপতি নির্দেশ দিয়েছেন।

গতকাল নিযুক্ত নয়া মন্ত্রী পরিষদের সদস্য ও তাদের দফতরসমূহ নিম্নরূপ:

জনাব মিজানুর রহমান চৌধুরী, প্রধানমন্ত্রী--ডাক ও টেলিযোগাযোগ।

জনাব মওদুদ আহমদ, উপপ্রধানমন্ত্রী--শিল্প।

অধ্যাপক এম, এ, মতিন, উপপ্রধানমন্ত্রী--যোগাযোগ।

কাজী জাফর আহমদ, উপপ্রধানমন্ত্রী--বাণিজ্য।

বিচারপতি জনাব এ,কে,এম, নুরুল ইসলাম--আইন ও বিচার।

মেজর জেনারেল (অবঃ) এম, শামসুল হক--ত্রাণ ও পুনর্বাসন।

মেজর জেনারেল (অবঃ) মহব্বতজান চৌধুরী--খাদ্য।

মেজর জেনারেল (অবঃ) মাহমুদুল হাসান--স্বরাষ্ট্র।

মেজর জেনারেল (অবঃ) এম, এ, মুনিম-কৃষি।

এয়ার ভাইস মার্শাল (অবঃ) কে,এম, আমিনুল ইসলাম--পূর্ত।

শাহ মোয়াজ্জেম হোসেন--স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়।

এম, এ, সাত্তার--শ্রম ও জনশক্তি।

আনিসুল ইসলাম মাহমুদ--সেচ, পানি সম্পদ ও বন্যা নিয়ন্ত্রণ।

সিরাজুল হোসেন খান--মৎস্য ও পশুপালন।

রাবেয়া ভুঁইয়া--সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক।

আনোয়ার হোসেন--জ্বালানি ও খনিজ সম্পদ।

হুমায়ুন রশীদ চৌধুরী--পররাষ্ট্র।

সালাহউদ্দীন কাদের চৌধুরী--স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা।

এ,কে,এম, মাঈদুল ইসলাম--বন্দর, জাহাজ চলাচল ও আই ডব্লিউ, টি।

হাশিম উদ্দীন আহমদ--বস্ত্র।

মির্জা রুহুল আমিন---ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার।

মমিন উদ্দীন আহমদ--শিক্ষা।

আলহাজ মওলানা এম, এ মান্নান--ধর্ম বিষয়ক।

শফিকুল গনি স্বপন--বেসামরিক বিমান চলাচল ও পর্যটন।

সুনীল গুপ্ত--যুব ও ক্রীড়া।

আনোয়ার জাহিদ--তথ্য।

প্রতিমন্ত্রী

জাফর ইমাম-পাট।

মেসবাহউদ্দীন আহমদ-শিল্প।

শেখ শহীদুল ইসলাম--যুব ও ক্রীড়া।

মোজাফফর হোসেন-কৃষি।

এম, এ, সাত্তার-বাণিজ্য।

বিনয় কুমার দেওয়ান-স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়।

উপমন্ত্রী

জিয়াউদ্দিন আহমদ-শিক্ষা।

বেগম মমতা ওয়াহাব-স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা।

এ, এফ, এম ফকরুল ইসলাম মুন্সী--বন্দর, জাহাজ চলাচল ও আই-ডব্লিউটি।

রাষ্ট্রপতির উপদেষ্টা

জাকির খান চৌধুরী রাষ্ট্রপতির মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।

এম, সাইদুজ্জামান--অর্থ।

এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ, কে খোন্দকার--পরিকল্পনা।

শপথ গ্রহণের অব্যবহিত পর মন্ত্রী পরিষদ বঙ্গভবনে রাষ্ট্রপতি এরশাদের সভাপতিত্বে এক সংক্ষিপ্ত বৈঠকে মিলিত হয়।